নতুন ধারার দৈনিক
আমাদের সময়

advertisement

# সাঁথিয়ায় শিক্ষা কর্মকর্তার ঘুষগ্রহণের ভিডিও ভাইরাল

সাঁথিয়া প্রতিনিধি

২১ আগস্ট ২০১৯ ০০:০০ | আপডেট: ২১ আগস্ট ২০১৯ ০১:১৫




advertisement

advertisement

advertisement




NOW PLAYING

পাবনার সাঁথিয়া উপজেলার প্রাথমিক শিক্ষা অফিসের উচ্চমান সহকারী গোলজার হোসেনের ঘুষগ্রহণের ভিডিও

আরিফুল ইসলামসহ কয়েকজনের ফেসবুক আইডিতে গত সোমবার রাতে ঘুষগ্রহণের এ ভিডিওটি পোস্ট করা হয়। এতে দেখা যায়, গোলজার হোসেনকে উপজেলার কাজীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মনিরুজ্জামান মনি ঘুষের টাকা প্রদান করছেন। আর তিনি টাকা টেবিলের নিচে নিয়ে গুনে প্যান্টের পকেটে রাখছেন।

এ ব্যাপারে গোলজার হোসেন ও মনিরুজ্জামানের সঙ্গে কথা বলে জানা যায়, উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মর্জিনা খাতুনের নির্দেশে এ ঘুষ প্রদান করা হয়েছে। উপজেলার এক সহকারী শিক্ষা কর্মকর্তা জানান, ১৭৮ বিদ্যালয়ের মধ্যে ১৭৫টির প্রধান শিক্ষকের কাছ থেকে জোরপূর্বক বিল তৈরি বাবদ উচ্চমান সহকারীর মাধ্যমে শিক্ষা কর্মকর্তা বরাদ্দের ৮-১০ শতাংশ টাকা ঘুষগ্রহণ করেছেন।

সোনাতলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবদুল হান্নান ও হাটবাড়িয়া স্কুলের প্রধান শিক্ষক আবদুল বাতেন জানান, সরকার প্রদত্ত স্কুলের উন্নয়নকাজের বিলগ্রহণে অগ্রিম ঘুষ প্রদানে বাধ্য করা হচ্ছে। ঘুষ না দিলে বিভিন্নভাবে

advertisement

## সর্বশেষ

কলকাতায় পুলিশ সেজে ডাকাতি, ৩ বাংলাদেশি গ্রেপ্তার

কোয়েলের কোলে সদ্যোজাত, ছবি ভাইরাল

নায়করাজ রাজ্জাকের চলে যাওয়ার ২ বছর

কাশ্মীরে বিস্ফোরক পরিস্থিতি! মধ্যস্থতার প্রস্তাব ট্রাম্পের

x

জানা যায়, ফেসবুকে ভাইরাল হওয়া ভিডিও দেখে বিষয়টি অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা) ও জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তাকে অবগত করেছেন সাঁথিয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা আবদুল হালিম। এ ছাড়া তিনি শিক্ষা কর্মকর্তাসহ ওই অফিসের সব কর্মকর্তাকে ডেকে অপরাধীদের কোনোভাবেই ছাড় দেওয়া হবে না বলে সতর্ক করেন।

উচ্চমান সহকারী গোলজার হোসেন মুঠোফোনে জানান, ঘুষের টাকা তিনি গ্রহণ করেননি। ষড়যন্ত্রমূলকভাবে তাকে ফাঁসানোর চেষ্টা করা হচ্ছে।

উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মর্জিনা পারভীন মোবাইল ফোনে জানান, গোলজার হোসেনের ঘুষগ্রহণের তথ্য তিনি পেয়েছেন। এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা হবে। তবে ঘুষগ্রহণে নিজের জড়িত থাকার কথা অভিযোগ অস্বীকার করেন তিনি।

সাঁথিয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা আবদুল হালিম জানান, ফেসবুকে পাওয়া ভিডিও ক্লিপ দেখে তিনি ইতোমধ্যে ব্যবস্থাগ্রহণে সংশ্লিষ্ট কর্মকর্তাদের

বিএনপির ২১ আগস্টের দেয়াল এড়ানো সম্ভব নয় : ওবায়দুল কাদের

তাৎক্ষণিক লেবার ভিসা সার্ভিস চালু করেছে সৌদি আরব

ইতালির প্রধানমন্ত্রীর পদত্যাগ

গাজীপুরে পিস্তল-গুলিসহ ব্যবসায়ী গ্রেপ্তার

গাজীপুরে বাসচাপায় পোশাক শ্রমিকের মৃত্যু

সব খবর

X

**Sponsored Content** Recommended by

ধর্ষণ থেকে বাঁচতে ছেলেটিকে ডেকেছিলে

মানসিক রোগে একাধিক যৌন

মোটা নারীরা স্বর্গে যেতে পারবে না

‘আমি দারুণ খুশি, যা মুখে

তারেকসহ পলাতক ১৮ আসামি কে

‘ছেলেটি আমার ফোন ধরে না’

**ভারপ্রাপ্ত সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার**

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৫৫০৩০০০১-৬ ফ্যাক্স: ৫৫০৩০০১১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৪

ই-মেইল : news@dainikamadershomoy.com, editor@dainikamadershomoy.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯

Privacy Policy

x